ঝিনাইদহে হেফাজত ইসলামের দায়িত্বশীল সম্মেলন ও কমিটি গঠন

ঝিনাইদহে হেফাজত ইসলামের দায়িত্বশীল সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (৩১ অক্টোবর) দুপুরে শহরের ঢাকা কমিউনিটি সেন্টারে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উক্ত সম্মেলনে হেফাজতে ইসলাম ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক মুফতি আরিফ বিল্লাহ কাসেমী এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হেফাজতে ইসলাম বাংলাদেশের যুগ্ম-মহাসচিব মাওলানা আজিজুল হক ইসলামাবাদী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হেফাজতে ইসলাম বাংলাদেশের সাংগঠনিক সম্পাদক মুফতি বশিরুল্লাহ, দপ্তর সম্পাদক মাওলানা আফসার মাহমুদ, হেফাজতে ইসলাম মাগুড়া জেলা শাখার সভাপতি মাওঃ কাজী জাবের বিন মুহসিন, হেফাজতে ইসলাম চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মুফতী মোস্তফা কামাল কাসেমী, হেফাজতে ইসলাম ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম-আহ্বায়ক মাও: ওসমান গণী, সদস্য সচিব মাও: যুবায়ের আহমাদ কাসেমী ও কেন্দ্রীয় ও স্থানীয় নেতৃবৃন্দ।

সম্মেলন শেষে হেফাজতে ইসলাম ঝিনাইদহ জেলা শাখার কমিটি ঘোষণা করা হয়। কমিটিতে সর্বসম্মিক্রমে মুফতী আরিফ বিল্লাহ কাসেমীকে সভাপতি ও মাওলানা ওসমান গণীকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়। এছাড়া সিনিয়র সহ-সভাপতি মাওলানা মিজানুর রহমান, সহ-সাধারন সম্পাদক যুবায়ের আহমাদ কাসেমী, সাংগঠনিক সম্পাদক মাওলানা সেলিম উদ্দিন, অর্থ সম্পাদক মাওলানা ইলিয়াস, প্রচার সম্পাদক মাওলানা ফারুক নোমানী, দপ্তর সম্পাদক মাওলানা আব্দুল করিম নির্বাচিত হন। বাকী পদে আগামী ২০দিনের মধ্যে পূরণ করা হবে বলে জানান।